গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা

# জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | খন্দকার ইয়াসির আরেফীন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৫-০২-২০২৪ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বিকাল ০৩.০০ টায় |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার **কার্যক্রম** শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

আলোচ্যসূচি : ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) পরিদর্শন

১. জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন

| ক্রমিক নং | পরিদর্শনকারী কর্মকর্তার পদবী | ইউডিসি পরিদর্শন | ইউডিসি দর্শন |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক, খুলনা | ২টি | ২টি |
| ২. | উপ-পরিচালক (স্থানীয় সরকার) | ২টি | ২টি |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা | ২ টি | ১টি |

সিদ্ধান্ত : অতিরিক্ত জেলা প্রশাসকগণ নিয়মিত ইউডিসি পরিদর্শন করবেন
**বাস্তবায়নে :** অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।

২. উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা সংক্রান্ত | | ইউডিসি পরিদর্শন/দর্শন | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সভার তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করেছেন কিনা? | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ন্যাশনাল পোর্টাল প্রশিক্ষণ দেওয়া (ইউডিসির সংখ্যা) |
| ১ | রূপসা | ২৪-০১-২০২৪ | হ্যাঁ | ০৫ | ০৩ | ০২ | ০৫ |
| ২ | তেরখাদা | ২৯-০১-২০২৪ | হ্যাঁ | ০৬ | ০২ | ০৩ | ০৬ |
| ৩ | দিঘলিয়া | ১৫-০১-২০২৪ | হ্যাঁ | ০৬ | ০৩ | ০৩ | ০৬ |
| ৪ | ফুলতলা | ৩০-০১-২০২৪ | হ্যাঁ | ০৪ | ০২ | ০২ | ০৪ |
| ৫ | ডুমুরিয়া | ০৪-০১-২০২৪ | হ্যাঁ | ১৪ | ০৩ | ০৩ | ১৪ |
| ৬ | বটিয়াঘাটা | ১৫-০১-২০২৪ | হ্যাঁ | ০৭ | ০২ | ০২ | ০৭ |
| ৭ | দাকোপ | ৩১-০১-২০২৪ | হ্যাঁ | ০৯ | ০৩ | ০২ | ০৯ |
| ৮ | পাইকগাছা | ১৮-০১-২০২৪ | হ্যাঁ | ১০ | ০৩ | ০৩ | ১০ |
| ৯ | কয়রা | ১৮-০১-২০২৪ | হ্যাঁ | ০৭ | ০৩ | ০২ | ০৭ |
| | | | মোট | ৬৮ | ২৪ | ২২ | ৬৮ |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত ইউডিসি পরিদর্শন করবেন। ইউডিসি পরিদর্শনের তথ্যাদি প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ করবেন।
**বাস্তবায়নে :** উপজেলা নির্বাহী অফিসার (সকল)

০৩। আইসিটি সভার নির্ধারিত আলোচ্য বিষয়াবলি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক নিয়মিত উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতে হবে | উপজেলা আইসিটি কমিটির কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) সংক্রান্ত | **১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর আয়/সেবা বৃদ্ধি করতে হবে। উদ্যোক্তাদের আয়/ সেবা-র তথ্য ই-সেবা সিস্টেমে আপলোড করতে হবে এবং সংশ্লিষ্ট রেজিস্ট্রার ব্যবহার করতে হবে। ২। উদ্যোক্তাদের অফিস কর্তৃক নির্ধারিত সময়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উপস্থিত থেকে সেবা প্রদান করতে হবে।<br>৩। যে সকল ইউনিয়নে উদ্যোক্তা নেই সে সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ১ জন পুরুষ ও ১ জন নারী উদ্যোক্তা নিয়োগের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণসহ বিধি মোতাবেক নিয়োগ প্রদান করতে হবে।<br>৪। উপজেলা ওয়ারী ইউডিসি উদ্যোক্তাদের মাসিক আয়/ব্যয়ের রিপোর্ট দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>৫। নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।** | ১। উদ্যোক্তাদের আয়/সেবা-র তথ্য একসেবা সিস্টেমে আপলোড নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট রেজিস্ট্রার ব্যবহার করতে হবে এবং ইউডিসির আয়/সেবা সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ।<br>২। সকল উদ্যোক্তাকে নির্ধারিত সময়ে উপস্থিত থেকে সেবা প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তার পদ শূণ্য থাকলে আইটি সেক্টরে অভিজ্ঞ প্রার্থী নির্বাচন করে বিধি মোতাবেক নিয়োগ প্রদান করতে হবে।<br>**৪। উপজেলা ওয়ারী আয়/ব্যয়ের রিপোর্ট প্রতি মাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।**<br>৫। নারী উদ্যোক্তাদের যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরিকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা<br>২।সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা<br>৩।ইউপি চেয়ারম্যান (সকল), খুলনা |
| ৩.৩ | ই-ফাইল (নথি) সংক্রান্ত | ১। জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি ব্যবহার জোরদার করতে হবে। এছাড়া খুলনা জেলার যে সকল সরকারি অফিসে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদেরকে লাইভ সার্ভারে ই-নথিতে কাজ বৃদ্ধি করার জন্য নির্দেশনা দিতে হবে। | **১। খুলনা জেলায় যে সকল অফিসসমূহ ই-নথিতে লাইভে আছে সে সকল অফিসের ই-নথিতে কার্যক্রম বৃদ্ধি করতে হবে।** | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২।প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা |
| **৩.৪** | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প” এর আওতায় খুলনা জেলায় সর্বমোট ১৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব’ এবং ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল অব ফিউচার ল্যাব স্থাপন করা হয়েছে। সকল ল্যাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণ, ব্যবহার ও পরিদর্শনের উপর গুরুত্বারোপ করা হয়।<br>২। শিক্ষার্থীরা শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করবে পাশাপাশি বেকার যুবক/যুব মহিলাদের ল্যাব ব্যবস্থার সুযোগ করে দিতে হবে। ল্যাবের কোন কম্পিউটার যন্ত্রাংশ নষ্ট/অচল থাকলে মেরামত করতে হবে।<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে নতুন আরও ১৮২টি শিক্ষা প্রতিষ্ঠান যাচাই-বাছাই করে রিপোর্ট প্রেরণ করা হয়েছে। | ১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। এছাড়া জেলা/উপজেলা আইসিটি কমিটির সকল সদস্য ও সহকারী প্রোগ্রামার শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং পরিদর্শন রিপোর্ট প্রেরণ করবেন।<br>২। ল্যাবের কোন কম্পিউটার যন্ত্রাংশ নষ্ট/অচল থাকলে ল্যাব ব্যবহার নীতিমালা ২০১২ অনুসারে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নষ্ট/অচল কম্পিউটার যন্ত্রাংশ মেরামত/ক্রয় নিশ্চিত করবেন। | ১। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা<br>২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, খুলনা |
| ৩.৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | খুলনা জেলা/উপজেলা পর্যায়ে মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। এজন্য জেলা/উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করার উপর জোর দিতে হবে। | ১। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করে মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম এর তথ্য শতভাগ এমএমসি সিস্টেমে আপলোড নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা<br>২। জেলা শিক্ষা অফিসার, খুলনা। |
| ৩.৬ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত | সকল অফিসে দাপ্তরিক যোগাযোগের জন্য সরকারি ই-মেইল ব্যবহার করতে হবে। ই-মেইলে প্রাপ্ত পত্রের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সরকারি ই-মেইল ব্যবহার করে দাপ্তরিক পত্রালাপ বৃদ্ধি করতে হবে। | জেলা/উপজেলা পর্যায়ের অফিস প্রধান (সকল), খুলনা |
| ৩.৭ | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহার সংক্রান্ত | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহারের মাধ্যমে সরকারের সকল ই-সেবা পাওয়া যায়, এ বিষয়ে ব্যাপক প্রচারণাসহ সংশ্লিষ্ট অফিসের অভ্যন্তরে দৃশ্যমান জায়গায় সেবা বোর্ড স্থাপন করতে হবে। | মাইগভ ওয়েবসাইট ও অ্যাপ ব্যবহারের বিষয়ে প্রচারণা বৃদ্ধির জন্য উপজেলা পর্যায়ে কর্মরত তথ্য আপাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা<br>২।প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল),খুলনা<br>৩। তথ্য আপা (সকল) খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৮ | জেলা, উপজেলা, ইউনিয়ন ও সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) সংক্রান্ত | জেলা, উপজেলা, ইউনিয়ন ও সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) আপডেট ও ইংরেজি ভার্সনে রূপান্তর করার বিষয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টালের ত্রুটিপূর্ণ সকল লিংকে তথ্য প্রদান করতে হবে মর্মে উল্লেখ করা হয়। | ১। জেলা, উপজেলা, ইউনিয়ন ও সরকারি অফিসের জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) নিয়মিত আপডেট করতে হবে।<br>২। যদি কোন দপ্তরের ওয়েবসাইট আপডেট না থাকে, সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে এর দায় বহন করতে হবে। | জেলা,উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, খুলনা।<br>উপজেলা নির্বাহী অফিসার(সকল), খুলনা<br>প্রোগ্রামার/হকারী প্রোগ্রামার (সকল) খুলনা।<br>ইউপি সচিব (সকল) খুলনা। |
| ৩.৯ | ফ্রিল্যান্সিং ডাটাবেজ তৈরিকরণ | ফ্রিল্যান্সারদের নিয়ে একটি ডাটাবেজ তৈরি করতে হবে। | উপজেলাওয়ারী ফ্রিল্যান্সারদের সমন্বয়ে একটি ডাটাবেজ প্রস্তুত করতে হবে এবং ডাটাবেজ নিয়মিত আপডেট করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা<br>২। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল), খুলনা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খন্দকার ইয়াসির আরেফীন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০৩২.০৬.০০৬.২৩.১৮

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, খুলনা
৫) উপ পরিচালক, উপপরিচালক,স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা
৭) সিভিল সার্জন, খুলনা
৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, খুলনা
৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা
১০) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
১১) জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা
১২) উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, খুলনা
১৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা
১৪) জেলা শিক্ষা অফিসার, খুলনা
১৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা
১৬) অধ্যক্ষ, সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা
১৭) উপ-মহাব্যবস্থাপক (মেট্রো), বিটিসিএল, খুলনা
১৮) প্রধান শিক্ষক, খুলনা জিলা স্কুল, খুলনা
১৯) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা

২০) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কা্উন্সিল, খুলনা

২১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা

২২) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খুলনা

২৩) জনাব এস এম মিশকাতুল ইসলাম, ফাউন্ডার এন্ড সিইও, ফিউচার আইটি পার্ক, খুলনা

২৪) জনাব আবু তাহের প্রিন্স, জেলা প্রতিনিধি, সিআরআই, খুলনা

২৫) জনাব শেখ মোঃ শিবলী শাহরিয়ার, সিইও, জমজম আইটি, খুলনা

২৬) জনাব আব্দুল্লাহ আল ফরহাদ, নির্বাহী পরিচালক, ক্লাউড ইনস্টিটিউট, খুলনা

খন্দকার ইয়াসির আরেফীন

জেলা প্রশাসক